

## উপজেলা স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ) কেশবপুর, যশোর-এর সভার কার্য বিবরণী

সভার সভাপতিঃ- জনাব নাসিমা সাদেক

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

ও

সভাপতি, স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ)

কেশবপুর, যশোর।

স্থানঃ- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস কক্ষ, কেশবপুর, যশোর।

তারিখঃ-১৭/০৯/২০২১ ইং, সময়ঃ- সকাল ১১-০০ ঘটিকা।

উপস্থিতি সদস্যবৃন্দঃ- “ক”- দ্রষ্টব্যঃ-

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি সকলের সাথে শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন। সভায় হাসপাতালের স্বাস্থ্য ব্যবস্থাপনা ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় এবং কিছু সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	মাঠ পর্যায়ে বিভিন্ন ধরণের সংক্রামক ও অসংক্রামক রোগ প্রতিরোধের জন্য স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে জনগণ কে স্বাস্থ্য শিক্ষা প্রদানের কার্যক্রম অভ্যর্থনা রয়েছে। রোগী কল্যাণ সমিতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় বলেন যে, রোগী কল্যাণ সমিতির মাধ্যমে দরিদ্র রোগীদের সাহায্য প্রক্রিয়া নিয়মিত ভাবে চলছে।	দরিদ্র রোগীরা যাতে আরো সেবা পায় সে সম্পর্কে সকলকে সচেষ্ট থাকতে হবে।	সভাপতি, রোগী কল্যাণ সমিতি
২	সভাপতি মহোদয় তার আলোচনায় জানান যে হাসপাতালের সার্বিক সেবার মান সতোষজনক। তিনি বলেন হাসপাতালে মেডিকেল অফিসার দেশী থাকলেও বিশেষজ্ঞ চিকিৎসক পদায়ন করা প্রয়োজন। তিনি হাসপাতালের সার্বিক পরিষার পরিচ্ছন্নতার মান বৃদ্ধির পরামর্শ দেন।	হাসপাতালের পরিষার-পরিচ্ছন্নতার মান বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর।
৩	জনাব প্রদীপ কুমার বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তিনি সভায় জানান যে, মাতৃমতু রোধে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবত্তাদের চেকআপ জোরদার করা ও স্বাভাবিক প্রসব করানো প্রয়োজন। পরিবার কল্যাণ পরিদর্শকাগণ যেন পরিবার কল্যাণ কেন্দ্রে সার্বক্ষণিক অবস্থান করেন সে ব্যাপারে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মনিটরিং করার আহবান রাখেন।	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মনিটরিং-এর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।